

বৃহত্তর ঢাকার

লোক সংখ্যা

সালে ৩৪ লক্ষ

(ইতিহাসিক রিপোর্ট)

১৯৮১ সালের আদম শুমারির প্রাথমিক রিপোর্ট অনুযায়ী বৃহত্তর ঢাকা মহানগরীর মোট জনসংখ্যা ৩৪ লক্ষ ৫৮ হাজার ৬শত ২জন। ইহার মধ্যে ভাসমান লোকের সংখ্যা ৭৩ হাজার ৭শত ৮৮ জন। নারায়ণগঞ্জ, ঢাকা, মীরপুর, গুলশান, টঙ্গী, বন্দর, ফতুল্লা, ক্যান্টনমেন্ট ও সাভার থানার অংশবিশেষ লইয়া বৃহত্তর ঢাকা মহানগরীর হিসাব প্রণয়ন করা হইয়াছে। বৃহত্তর মহানগরী

(৮ম পৃঃ দুঃ)

বৃহত্তর ঢাকার লোকসংখ্যা

(১ম পৃঃ পর)

এলাকার মহিলার সংখ্যা ১৪ লক্ষ ৪৬ হাজার ৫শত ৪০ জন। মেট্রোপলিটন এলাকার ক্যান্টনমেন্ট থানার লোকসংখ্যা ১ লক্ষ ১৬ হাজার ১শত ৬৬ জন, ডেমরা, থানার ৩ লক্ষ ২৬ হাজার ১শত ২০ জন, কোতোয়ালী থানায় ১ লক্ষ ৮৮ হাজার ৬শত ২৬ জন, লালবাগে ২ লক্ষ ৯৪ হাজার ৬শত ৫৯ জন। মোহাম্মদপুরে ২ লক্ষ ১৯ হাজার ৪শত ৬ জন, মতিঝিলে ৩ লক্ষ ৪০ হাজার ৮শত ২১ জন, রমনায় ১ লক্ষ ১৯ হাজার ২শত ৯ জন, সুত্রাপুরে ৩ লক্ষ ৭ হাজার ৫শত ১ জন, তেজগাঁওয়ে ১ লক্ষ ৮৬ হাজার ১শত ১৮ জন এবং ধানমন্ডি থানায় ১ লক্ষ ৪২ হাজার ৭শত ৬২ জন।

চট্টগ্রাম মেট্রোপলিটন শহরের লোকসংখ্যা ২৪ হাজার ৮শত ৮১ জন ভাসমান লোকসহ মোট ১৩ লক্ষ ৮৮ হাজার ৪শত ৭৫ জন। খুলনা ও দৌলতপুরে ৮ হাজার ১শত ৭৫ জন ভাসমানসহ ৬ লক্ষ ২০ হাজার ১শত ৮৪ জন। রাজশাহী শহরে ২ হাজার ১শত ১৭ জন ভাসমানসহ লোকসংখ্যা ১ লক্ষ ৭১ হাজার ৬শত।

১০টি প্রধান পৌরসভার লোকসংখ্যা নিম্নরূপ: সিলেট—১ লক্ষ ৬৬ হাজার ৮শত ৪৭ জন, বরিশাল—১ লক্ষ ৫৯ হাজার ২শত ৯৮ জন, রংপুর—১ লক্ষ ৫৫ হাজার ৯শত ৬৪ জন, যশোর—১ লক্ষ ৪৯ হাজার ৪শত ২৬ জন, সৈয়দপুর—১ লক্ষ ২৮ হাজার ৮৫ জন, কুমিল্লা—১ লক্ষ ২৬ হাজার ১শত ৩০ জন, ময়মনসিংহ—১ লক্ষ ৭ হাজার ৮শত ৬০ জন। সিরাজগঞ্জ—১ লক্ষ ৪ হাজার ৫শত ২২ জন, পাবনা—১ লক্ষ ১ হাজার ৮০ জন ও দিনাজপুর—৯৬ হাজার ৩শত ৪০ জন।

জনসংখ্যা অনুপাতে ক্ষুদ্রতম পৌরসভা হইতেছে যশোরের মহেশপুর— লোকসংখ্যা ৯ হাজার ৫শত ১৯ জন।